

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 03-10-2024

Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, পি. এম মল স্থাপনের মাধ্যমে রাজ্যের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন হবে।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শারদীয়া নবরাত্রির সূচনায় আজ সমস্ত দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন।
- (৩) চলতি অর্থবছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত রাজ্য এম.জি.এন রেগা প্রকল্পে ১ কোটি ৯১ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে।
- (৪) আসন্ন শারদোৎসবে আইন-শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার জন্য আরক্ষা প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

**CM-Bhumi Puja :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, Unity Mall বা একতা মল হচ্ছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর স্বপ্নের প্রকল্প। প্রধানমন্ত্রী যে অখণ্ডতার বার্তা দেন এই মল হচ্ছে তার প্রতীক। আজ হাঁপানিয়ায় পুরাতন জুটমিল মাঠে পিএম একতা মলের ভূমি পূজন অনুষ্ঠানে একথা বলেন। তিনি বলেন এই মলটি স্থাপনের মাধ্যমে রাজ্যের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন হবে। আজকের ভূমি পূজনের মাধ্যমে প্রধানমন্ত্রীর one product one

district এর স্বপ্নের সূচনা হয়ে গেছে। তিনি বলেন এই মল নির্মাণের ক্ষেত্রে ১৫০কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তার জন্য জমি নির্ধারিত হয়েছে ৪দশমিক ১৮ একর। এই একতা মলে মোট ৪৫টি স্টল থাকবে, ৩৬টি কমার্শিয়াল স্টল থাকবে বলে তিনি জানান। তিনি বলেন এই মল নির্মাণের ফলে হস্তশিল্পীরাও তাদের উৎপাদিত দ্রব্য প্রদর্শন করতে পারবে। এক রাজ্যের নির্মিত দ্রব্য অন্য রাজ্যের মানুষ ক্রয় করতে পারবেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তানা চাকমা বলেন এই মল গঠনের মাধ্যমে ত্রিপুরার মানুষ আত্মনির্ভর হয়ে উঠবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়িকা মীনা রানী সরকার, পুর কমিশনার শৈলেশ কুমার যাদব, শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে প্রমুখ। একতা মল প্রকল্পের নির্মাণকারী সংস্থা oval project এর পক্ষ থেকে বন্যা দুর্গতদের জন্য মুখ্যমন্ত্রী আণ তহবিলে ১০ লক্ষ টাকার অর্থরাশি প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **Swachata-Amit shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, মহাত্মা গান্ধীর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বচ্ছতাকে গণ আন্দোলনে পরিণত করেছেন। আমেদাবাদে আজ ৪৪৬ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্থর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। শ্রী শাহ গান্ধীনগরে বেশ কয়েকটি প্রকল্পের সূচনা করেন। যার মধ্যে রয়েছে সোলা-এ জিএম ইআর এস হাসপাতালে নবনির্মিত টেলি রিহ্যাবিলিটেশন সেন্টারের উদ্বোধন।

\*\*\*\*\*

#### **Kautilya Economic Conclave :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সন্ধ্যায় নয়াদিল্লিতে কৌটিল্য ইকনোমিক কনক্লেভে অংশগ্রহণ করবেন। ইকনোমিক কনক্লেভের এই তৃতীয় সংস্করণ অনুষ্ঠানটি চলবে ৬ই অক্টোবর পর্যন্ত। এই বছর কনক্লেভ সবুজ রূপান্তরের জন্য অর্থায়ণ, ভূ-অর্থনৈতিক বিভাজন এবং বৃদ্ধির প্রভাব সৃষ্টি, প্রাণবন্ততা সংরক্ষণে নীতিগত ক্রিয়ার জন্য নীতিমালা সহ অন্যান্য বিভিন্ন বিষয় তুলে ধরা হবে। অর্থ মন্ত্রকের সঙ্গে সহযোগিতায় ইন্সটিউট অব ইকনোমিক গ্রোথ কৌটিল্য ইকনোমিক কনক্লেভের আয়োজন করেছে।

\*\*\*\*\*

#### **Fisheries Minister :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ উনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন জগন্নাথপুরে মৎস্য বাজার শেডের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এটি নির্মাণে ব্যয় হয়েছে ২৫ লক্ষ টাকা। উদ্বোধকের ভাষণে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, জলাশয়গুলি পরিত্যক্ত না রেখে মাছচাষ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, এতে করে মাছচাষের মাধ্যমে রোজগারের পথ প্রশস্ত হয়, অন্যদিকে স্থানীয় মাছের উৎপাদনও বৃদ্ধি পায়। রাজ্যে বর্তমানে ৮৩ হাজার মেট্রিক টন মাছ উৎপাদন হয় বলে তিনি তাঁর ভাষণে উল্লেখ করেন। অনুষ্ঠানে উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, মৎস্য দপ্তরের উপ-অধিকর্তা তারেন্দু দেববর্মা প্রমুখ ভাষন দেন। এখানে কয়েকজন মৎস্যজীবিকে বরফের বাক্স ও মাছ ধরার জাল প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **Navratri-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শারদীয়া নবরাত্রির সূচনায় আজ সমস্ত দেশবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। নিজের এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী শুভেচ্ছা বার্তায় লিখেছেন, সমস্ত দেশবাসীকে

নবরাত্রির অসীম শুভেচ্ছা। শক্তি বন্দনায় নিবেদিত এই পবিত্র  
উৎসব সবার জন্য মঙ্গলময় হয়ে উঠুক।

শারদীয়া নবরাত্রির প্রথম দিনে দেশজুড়ে বিভিন্ন মন্দিরে পূজার্চনা  
শুরু হয়েছে। জম্বু ও কাশ্মীরের কাটরার বৈষ্ণবৈদেবী মন্দিরে,  
অমৃতসর থেকে দিল্লি, কলকাতা থেকে জম্বু, দেশের সর্বত্রই  
শারদীয়া নবরাত্রির প্রথম দিনে বিভিন্ন মন্দিরে পূজার্চনা চলছে।

\*\*\*\*\*

**BJP :**

শারদৎসব উপলক্ষ্যে আজ বিজেপি বড়দোয়ালি মন্ডলের উদ্যোগে  
আগরতলা পুর নিগমের ২০নং ওয়ার্ডে দুঃস্থ মহিলাদের মধ্যে বন্ত  
বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক  
সাহা, কর্পোরেটার রঞ্জা দত্ত প্রমুখ। এদিকে, পর্টন মন্ত্রী সুশান্ত  
চৌধুরী আজ মজলিশপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রাণীরগাঁও  
কালী মন্দির প্রাঙ্গণেও পশ্চিম মজলিশপুর গ্রাম পঞ্চায়েত এলাকার  
দুঃস্থ মহিলাদের মধ্যে বন্ত বিতরণ করেন।

\*\*\*\*\*

**CPIM :**

সিপিআইএম-এর উদ্যোগে আজ আগরতলা শহরে বিক্ষেপ  
মিছিল ও জমায়েতের আয়োজন করা হয়। বিক্ষেপ মিছিলটি  
রবীন্দ্র শতবার্ষিকী ভবনের প্রাঙ্গন থেকেশুরু হয়ে শহরের বিভিন্ন  
পথ পরিক্রমার পর প্যারাডাইস চৌমুহনীতে জমায়েত হয়।  
সেখানে সভায় বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক  
সরকার রাজ্য সরকারের কাজকর্মের সমালোচনা করেন এবং  
আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়েও উদ্বেগ প্রকাশ করেন। তিনি  
অভিযোগ করেন রাজ্য বর্তমানে নারী ও শিশুদের নিরাপত্তা  
নেই, গ্রাম শহরে পর্যাপ্ত কাজ ও খাদ্যের ব্যবস্থা নেই। তাছাড়া  
সরকারী চাকুরীতে শূন্য পদ পূরণেও রাজ্য সরকারের পক্ষ থেকে  
কার্যকরী কোনো উদ্যোগ নেই। সভায় সি.পি.আই(এম) রাজ্য

সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী রাজ্যে মানুষের মৌলিক অধিকার রক্ষার উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন। তিনিও রাজ্য সরকারের কাজকর্মের সমালোচনা করেন।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

শ্রেতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলাট্স। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **MGNREGA :**

চলতি অর্থবছরের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত রাজ্যে এম.জি.এন রেগা প্রকল্পে ১ কোটি ৯১ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। কেন্দ্রীয় সরকার চলতি অর্থবছরে রাজ্যের জন্য এই প্রকল্পে ৩ কোটি শ্রমদিবস অনুমোদন করেছে। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থবছরে রাজ্যে এই প্রকল্পে গড়ে ৬৩ দিন কাজ হয়েছে। যেখানে জাতীয় গড় শ্রমদিবস ছিল ৫২ দিন। গত অর্থবছরে রাজ্যের মধ্যে ধলাই জেলায় সর্বোচ্চ ৮৪ দিন কাজ করেছে শ্রমিকরা। এই প্রকল্পে গড় শ্রমদিবসের নিরিখে গত অর্থবছরে রাজ্য সারা দেশের মধ্যে চতুর্থ স্থান অর্জন করেছিল।

\*\*\*\*\*

#### **CITU :**

আগরতলায় সি আই টি ইউ কার্যালয়ে আজ ওয়ার্ল্ড ফেডারেশন অব ট্রেড ইউনিয়নএর ৭৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য রাখেন সি আই টি ইউ রাজ্য সভাপতি মানিক দে, রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত, শ্রমিক নেতা তপন দাস, কানু ঘোষ প্রমুখ।

\*\*\*\*\*

#### **Child Protect :**

রাজ্য শিশু সুরক্ষা কমিশনের উদ্যোগে কিশোরদের বিচারে আইন ও শিশু শ্রমের উপর একদিনের কর্মশালা বৃহস্পতিবার অনুষ্ঠিত হয় আগরতলার ভগৎ সিং যুব আবাসে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন বিচারপতি এস জি চট্টোপাধ্যায়, সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন দাস রাজ্য শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপারসন জয়ন্তী দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

#### **Puja-Law & Order :**

আসন্ন শারদোৎসবে আইন-শৃঙ্খলা শান্তিপূর্ণ রাখার জন্য আরক্ষা প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে। আজ মুক্তধারা অডিটোরিয়ামে আইন শৃঙ্খলা বিষয়ক এক সভায় পশ্চিম জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে একথা বলেন। পশ্চিম জেলা আরক্ষা প্রশাসন আয়োজিত এই সভায় জেলার অতিরিক্ত পুলিশ সুপার চিরঞ্জীব চক্রবর্তী, পুজা উদ্যোগদের সরকারি নির্দেশিকা মেনে চলার আহ্বান জানান। সভায় পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার আশা প্রকাশ করেন এবারের দুর্গোৎসব জেলা প্রশাসন, আরক্ষা প্রশাসন, সংশ্লিষ্ট দপ্তর ও ক্লাবগুলির সহযোগিতায় আনন্দময় হয়ে উঠবে। কারও সহযোগিতার প্রয়োজন হলে তিনি সিএম হেল্পলাইন ১৯০৫-এ ফোন করার অনুরোধ জানান। তিনি পুজা প্যান্ডেলে সবসময় পর্যাপ্ত স্বেচ্ছাসেবক রাখার পাশাপাশি রাজ্য

সরকার কর্তৃক নির্ধারিত ১৪টি নির্দেশিকা মেনে চলার আহ্বান জানান।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিস্বিসার ভট্টাচার্য বলেন, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৪ই অক্টোবর মহারাণী তুলসীবতী দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের সামনে থেকে মায়ের গমন অনুষ্ঠান শুরু হবে। মায়ের গমনে যে সকল ক্লাব ও পূজা কমিটি অংশ নিতে চায় তাদেরকে তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তার কার্যালয়ে আগামী ৭ই অক্টোবরের মধ্যে অনলাইন বা অফলাইনে দরখাস্ত জমা দিতে হবে।

স্বাস্থ্য দপ্তরের যুগ্ম অধিকর্তা ডা. শংকর দাস আসন্ন দুর্গা পূজোয় ক্লাবগুলিকে এইচআইভি/এইডস রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক অনুষ্ঠান আয়োজন করার আহ্বান জানান। এ বিষয়ে তিনি ক্লাব প্রাঙ্গণে বিভিন্ন স্লোগান ডিসপ্লে করার অনুরোধ জানান। সভায় বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকগণ অংশ নেন।

\*\*\*\*\*

#### **Review Meeting-South :**

শান্তিরবাজার মহকুমায় সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সরকারি সাহায্য প্রদানে কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা করতে আজ শান্তিরবাজার মহকুমা শাসকের পৌরহিত্যে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় মহকুমা শাসক মনোজ কুমার সাহা, দুই ডিসিএম সৌমেন দেব ও সৈফুদ্দিন আহমেদ মহকুমার বিভিন্ন তহশীলের তহশীলদারগন ও রাজস্ব দপ্তরের অনান্য কর্মচারীগন উপস্থিত ছিলেন। সভায় পূজোর আগেই সব ক্ষতিগ্রস্তদের আবেদনপত্র যাচাই করে ক্ষতিপূরণের টাকা প্রদান করার সিদ্ধান্ত হয়।

\*\*\*\*\*

#### **Ganja :**

চম্পকনগর থেকে কমলপুরের উদ্দেশ্যে যাবার পথে খোয়াই চেরমা এলাকায় আজ পুলিশ একটি গাড়ি থেকে ৪৭ কেজি ৫০০ গ্রাম গাজা উদ্ধার করে। গাড়ি চালককে প্রেস্তার করা হয়েছে। এই অভিযানে নেতৃত্ব দেন ডিএসপি প্রীতম চন্দ।

\*\*\*\*\*

### **Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় সুপার লিগের খেলায় আজ ব্লাডমাউথ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ৪-২ গোলে লালবাহাদুর ব্যায়ামাগারকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

### **Weather :**

পুজোর আগেই নিম্নচাপ তৈরি হচ্ছে বঙ্গোপসাগরে। ভারতীয় আবহাওয়া বিভাগের পক্ষ থেকে আজ জানানো হয়েছে, দক্ষিণ-পূর্ব বাংলাদেশ এবং সংলগ্ন এলাকার উপরে একটি ঘূর্ণবর্ত অবস্থান করছে। পশাপাশি একটি ঘূর্ণবর্ত মায়ানমার উপকূল বরাবর উত্তর আন্দামান সাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। আর তার প্রভাবে আগামীকাল উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন এলাকার উপরে একটি নিম্নচাপ তৈরি হতে পারে।

এদিকে, আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের উত্তর জেলা সহ অন্যান্য জেলাতেও কিছু কিছু স্থানে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল রাজ্যের তাপমাত্রা সর্বোচ্চ ত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন চর্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সাতাশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন চর্বিশ ডিগ্রী সেলসিয়াস। আজ সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা

পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ৯ দশমিক  
দুই মিলিমিটার।

\*\*\*\*\*